দৈনিক বাংলা

24

তারি... 09 OCT 1990 ...
পৃষ্ঠা... ... কলাম...

# ডিগ্রী পরীক্ষার নতুন তারিখ

ঢাকা বিশ্ববিদ্যালয় ডিগ্রী পরীক্ষার নতুন তারিখ ঘোষণা করেছেন। এই ঘোষণানুযায়ী ডিগ্রী পরীক্ষা শুরু হচ্ছে আগামী ৮ই ডিসেম্বর। এই ডিগ্রী পরীক্ষা শুরু হবার কথা ছিল অক্টোবরের প্রথম সপ্তাহে। মাত্র দেড় সপ্তাহের নোটিশে সেপ্টেম্বর মাসের শেষের দিকে আকস্মিকভাবে ডিগ্রী পরীক্ষা স্থগিত করা হয়। পরীক্ষার্থীদের তখন আর্থিক ও মানসিক প্রস্তুতি গ্রহণ শেষ। বিভিন্ন পরীক্ষা কেন্দ্রেও পরীক্ষা গ্রহণের প্রস্তুতি পর্ব শেষ হয়েছে। অনেক কেন্দ্রের কলেজে এই পরীক্ষার জন্য শরৎকালীন ছুটির মেয়াদও বৃদ্ধি করা হয়েছে। ঠিক সেই মুহূর্তে রেডিও এবং সংবাদপত্র মারফত ডিগ্রী পরীক্ষা স্থগিত হবার খবর প্রচারিত হয়।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছেন, "অনিবার্য" কারণে ডিগ্রী পরীক্ষা স্থগিত রাখা হয়েছে। এই অনিবার্য কারণের কোন ব্যাখ্যা দেয়া হয়নি। অনুমান করতে পারি, নিশ্চয়ই এমন কিছু অসুবিধা সৃষ্টি হয়েছিল কর্তৃপক্ষ যা অতিক্রম করতে পারেননি।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নিশ্চয়ই অবহিত যে আজকাল উচ্চশিক্ষা ব্যয়বহুল। এমনিতেই নিয়মিত পরীক্ষা অনুষ্ঠিত হয় না। এর পরেও ঘোষিত পরী-ক্ষার তারিখ পরিবর্তিত হলে নতুন সমস্যার সৃষ্টি হয়। গ্রাম-গ্রামান্তরের ছাত্রদের নতুন অর্থ সঙ্কটে পড়তে হয়। কারণ অনেক ছাত্রকে হোস্টেলে বোর্ডিংয়ে থাকতে হয়। অনেকে থাকে জায়গীরে। অনেককে গ্রামের ছাত্রকে পরীক্ষার জন্য পরীক্ষা কেন্দ্রে বাসস্থান খুঁজতে হয় টাকার বিনি-ময়ে। এ সকল প্রস্তুতি নেবার পরে পরীক্ষা স্থগিত করা হলে বেশ অসুবিধা দেখা দেয়। এ পরিস্থিতি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছেও কাম্য হতে পারে না।

আমরা বিশ্বাস করতে চাই যে অনিবার্য কারণেই ডিগ্রী পরীক্ষা স্থগিত রাখা হয়েছিল এবং আশা করি যে ৮ই ডিসেম্বর ডিগ্রী পরীক্ষা স্বাভাবিক-ভাবে অনুষ্ঠিত হবে। আর যেন ডিগ্রী পরীক্ষার তারিখ পিছাতে না হয় কর্তৃপক্ষ নিশ্চয়ই সেদিকে দৃষ্টি রাখবেন।

পরিস্থিতি অবশ্য সবসময় সবার নিয়ন্ত্রণে থাকে না। নানা ধরনের ধর্মঘট হরতাল কিংবা ঘটনা-দুর্ঘটনা শিক্ষাঙ্গনের রুটিন বিপর্যস্ত করে। আমরা আশা করব, সমাজের সব মানুষই শিক্ষাঙ্গনে নিয়মিত পড়াশোনার পরিবেশ বজায় রাখার প্রয়োজনীয়তার দিকে লক্ষ্য রাখবেন।